বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
পরিচালকের দপ্তর
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
www.caab.gov.bd

গাছ লাগান, গাছের পরিচর্যা করুন, পরিবেশ বাঁচান

নং-৩০.৩১.২২০০.৫৪১.২১.১০৬.২৫/১১২৪

তারিখ: ১৫ / ০৬ /২০২৫ খ্রিঃ

# 'ইজারা দরপত্র বিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার-এর নিম্নবর্ণিত ইজারাস্থলটি বেবিচকের বিদ্যমান ইজারা নীতিমালা-২০১৯ এর আলোকে আর্থিক সন (জুলাই-জুন) বিবেচনায় ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে প্রাথমিকভাবে ০১(এক) বছর (ইজারা নীতিমালা, ২০১৯ অনুযায়ী নবায়ন যোগ্য) পরিচালনার নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আবেদন/দরপত্র সিডিউল ইজারাস্থলের নামের পার্শ্বে উল্লিখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) তফসিল মোতাবেক দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে হিসাব শাখা, পরিচালকের দপ্তর, কক্সবাজার বিমানবন্দর হতে ক্রয় করা যাবে।

নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত পরিচালক, কক্সবাজার বিমানবন্দর-এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

| ক্রম | ইজারাস্থলের বিবরণ | কর্তৃপক্ষের কাংখিত ইজারামূল্য (বার্ষিক) | সিডিউল মূল্য (অফেরৎযোগ্য) | ১ম বার দরপত্র দাখিলের তারিখ | ১ম বার কাংখিত দর পাওয়া না গেলে ২য় বার দরপত্র আহবানের তারিখ | ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার দরপত্র আহবানের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | কক্সবাজার বিমানবন্দরের কারপার্কিং এরিয়া | ৮,৯৩,৫৯২/- | ১,৫০০/- +(ভ্যাট ১৫%) | ৩০/০৬/২০২৫ | ১৪/০৭/২০২৫ | ২৮/০৭/২০২৫ |

শর্তাবলীঃ

১। দরপত্র দাতাকে আর্নেস্টমানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "পরিচালক, কক্সবাজার বিমানবন্দর"-এর অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং ১ম বারে প্রাপ্ত দর কর্তৃপক্ষের কাংখিত দরের চেয়ে কম হলে ২য় বার উল্লেখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে; অনুরুপভাবে ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার উল্লিখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে।

৩। নিজ/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে।

৪। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।

৫। সীল মোহরকৃত খামের উপর কক্সবাজার বিমানবন্দরের কারপার্কিং ইজারা সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে।

৬। ইজারা প্রদানের ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত শর্তাবলী এবং ইজারা নীতিমালা-২০১৯ এর শর্তাবলী প্রযোজ্য হবে।

৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

১৫/০৬/২০২৫
( মোঃ গোলাম মোর্তজা হোসেন )
পরিচালক (বু.দা.)
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
ই-মেইলঃ dcox@caab.gov.bd